কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

# For Procurement of Services

**(Request for Quotation Method)**

**ISO 9001:2015 certified**

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চান্দিনা, কুমিল্লা।

**"গ্রুপ সাময়িক জীবন বীমা পলিসি করণের দরপত্র (নং-২৭/২০২২-২০২৩)"**

---


প্রশাসন বিভাগ
কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১

**Web:www.pbs1.comilla.gov.bd**
**E-Mail: comillapbs01@gmail.com**
**Phone No.02334408743**

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
## চান্দিনা, কুমিল্লা।

স্মারক নং- ২৭.১২.১৯২৭.৫০৩.০২.০১৯.২৩. ২২০

তারিখ- ২৫ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
০৯ জানুয়ারী ২০২৩ খ্রিঃ

বিষয়ঃ- কর্মকর্তা/কর্মচারীদের গ্রুপ সাময়িক জীবন বীমা পলিসি করণের প্রিমিয়ামের কোটেশন (RFQ) প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র (দরপত্র নং-২৭/২০২২-২০২৩)।

১. কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক ৩৭৯ জন কর্মকর্তা/কর্মচারীদের সাময়িক জীবন বীমা করণের লক্ষ্যে "কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ)" পদ্ধতির মাধ্যমে প্রকৃত বীমা প্রতিষ্ঠানের (সরকার অনুমোদিত) নিকট হতে সীলমোহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবান করা যাচ্ছে।

২. বীমা করণে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩. এতদ সংগে সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট pbs1.comilla.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহনযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে কুমিল্লা পবিস-১ হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে।

৪. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বান কারী কর্তৃক নির্ধারিত স্থানে অর্থাৎ ক) সিনিয়র জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিল্লা অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

৫. কোটেশন দাখিল এবং বীমা কাজ সম্পাদনে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬. সিলমোহরকৃত খাম আগামী ১৫/০১/২০২৩খ্রিঃ **তারিখ এবং সময়**-১২:০০ ঘটিকায় কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্নিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে "গ্রুপ সাময়িক জীবন বীমা কাজ সম্পাদনের জন্য কোটেশন এবং আগামী ১৫/০১/২০২৩ খ্রিঃ **তারিখ** বেলা ১২:০৫ এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. প্রাপ্ত দরপত্র সমুহ ১৫/০১/২০২৩ খ্রিঃ **তারিখ** বেলা ১২:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস'র ওয়েব সাইট pbs1.comilla.gov.bd এ দেখা যাবে।

৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

৯. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১০. বীমা চুক্তির সকল সুযোগ সুবিধার কথা বিস্তারিত উল্লেখ করতে হবে। দরদাতার উল্লেখিত দর গ্রুপ বীমার বিপরীতে পরিশোধযোগ্য সকল প্রকার শুল্ক/কর বা অন্যান্য ব্যয় অন্তর্ভূক্ত করে উদ্ধৃত হয়েছে বলে গণ্য হবে। কোন কোন ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীগণ বীমার আওতাভুক্ত হবে না তা দরপত্র জমা দেয়ার সময় সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১১. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান-কে কার্যাদেশ প্রাপ্তির পর অনধিক ০৭(সাত) দিনের মধ্যে ০৩(তিন) বছরের জন্য একটি গ্রুপ সাময়িক জীবন বীমা চুক্তি সম্পাদন করতে হবে। বীমার মেয়াদ হবে তিন বছরের এবং প্রতি বছরের প্রিমিয়াম বিল দাখিল সাপেক্ষে পরিশোধ করা হবে।

১২. বীমা চুক্তি মেয়াদে নতুন কর্মকর্তা/কর্মচারীকে বীমাভুক্ত করার সুযোগ থাকতে হবে। বীমাকৃত কর্মকর্তা/কর্মচারী সার্বক্ষনিক বীমা নিরাপত্তাপ্রদান করতে হবে। বীমাকৃত যে কোন বর্মকর্তা/কর্মচারীর মৃত্যুতে দ্রুততার সাথে পরিশোধ করতে হবে।

১৩. দরপত্রে উদ্ধৃত প্রতি হাজারে প্রিমিয়াম হার হবে। মূল বীমাঃ গ্রুপ সাময়িক জীবন বীমা ও সহযোগী অন্যান্য বীমা স্পষ্টাক্ষরে লিখতে হবে।

১৪. সন্তোষজনকভাবে বীমা কাজ সম্পাদনের পর বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রয়োজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১৫. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৬. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর, ভ্যাট নিবন্ধন নম্বর, বীমা অধিদপ্তরের বীমা নিবন্ধনের সনদ এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদের এর সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৭. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৮. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৯. নির্ধারিত তারিখের মধ্যে বীমা কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যাথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

২০. কুমিল্লা পবিস-১ এর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

২১. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান-কে সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল এ বর্ণিত বীমা কাজ অবশ্যই সম্পাদনের পূর্বে অত্র পবিসের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতঃ বীমা কাজ নিশ্চিত করতে হবে।

০৯/০১

( মোঃ মকবুল হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ।

০১। ডিজিএম, কোম্পানীগঞ্জ জোনাল অফিস, কুমিল্লা পবিস-১।
০২। এজিএম(ওএন্ডএম/অর্থ-হিসাব), কুমিল্লা পবিস-১।
০৩। সহকারী প্রকৌশলী, কুমিল্লা (উঃ) বাপবিবো, চান্দিনা।
০৪। এজিএম (আইটি), কুমিল্লা পবিস-১ ( ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।)

বর্ণিত সময়ে দরপত্র উন্মুক্তকরণ/মূল্যায়নে উপস্থিত থাকার অনুরোধ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় )

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্য পঃ (পূর্বাঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো)।
০২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি(আইসিটি) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য সদয় অনুরোধ করা হলো)।
০৩। জেলা প্রশাসক, কুমিল্লা।
০৪। পুলিশ সুপার, কুমিল্লা।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন, বাপবিবো, কুমিল্লা।
০৬। মেয়র, সিটি কর্পোরেশন, কুমিল্লা।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার -------------- ,পবিস-১/২/৩/৪।
০৮। নির্বাহী প্রকৌশলী, কুমিল্লা (উঃ), বাপবিবো, কুমিল্লা।
০৯। নির্বাহী প্রকৌশলী,এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, কুমিল্লা।
১০। উপজেলা নির্বাহী অফিসার, ..........................................কুমিল্লা।

(০৩–১০: নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।)

১১। ডিজিএম, দেবিদ্বার/বরুড়া /বাঙ্গরা জোনাল অফিস/সদর-কারিগরী, কুমিল্লা পবিস-১।
১২। এজিএম(ওএন্ডএম), নবাবপুর/পয়ালগাছা/মুরাদনগর/রামমোহন সাব জোনাল অফিস, কুমিল্লা পবিস-১।
১৩। মেসার্স------------------------------------------।
১৪। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-১।
১৫। অফিস কপি/মাস্টার কপি।

০৯/০১

(মোঃ মকবুল হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশনের স্মারক নং- ২৭.১২.১৯২৭.৫০৩.০২.০১৯.২৩. তারিখ: ০৯/০১/২০২৩ খ্রিঃ।

প্রতি
সিনিয়র জেনারেল ম্যানেজার
কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চান্দিনা, কুমিল্লা।

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, বীমা সার্টিফিকেট এবং সংশ্লিষ্ট সেবা কমপ্রিহেন্সিভ বীমা কাজের শর্তাবলী অনুসারে " কর্মকর্তা/কর্মচারীদের গ্রুপ সাময়িক জীবন বীমা কাজ " সম্পাদন করার জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা -------------------------কথায়ঃ---------------------------

আমার/আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ------------খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ

# বীমা সার্টিফিকেট এবং সংশ্লিষ্ট সেবা কমপ্রিহেন্সিভ বীমা কাজ এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

কোটেশনের স্মারক নম্বরঃ-২৭.১২.১৯২৭.৫০৩.০২.০১৯.২৩. ২১২ তারিখঃ ০৯/০১/২০২৩ খ্রিঃ

| ক্রঃ নং | বিবরণ | বীমাকৃত টাকার পরিমাণ | সংখ্যা | বীমার মেয়াদ | উদ্ধৃত একক প্রিমিয়াম | | উদ্ধৃত মোট প্রিমিয়াম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | ১) গ্রুপ সাময়িক জীবন বীমা<br>২) সহযোগী বীমাঃ<br>(ক) দূর্ঘটনার কারণে মৃত্যুতে দ্বিগুণ ক্ষতিপূণ বীমা।<br>(খ) দূর্ঘটনা জনিত কারণে অঙ্গহানি বীমা।<br>(গ) দূর্ঘটনার কারণে আংশিক অক্ষমতা বীমা। | ৪,৭৩,৫৩৭.০০ | ৩৭৯ জন (কম/বেশী হতে পারে) | ০৩ বছর | | | | |
| সরবরাহকৃত বীমা সার্টিফিকেট এবং সংশ্লিষ্ট সেবা গ্রুপ জীবন বীমা কাজ ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | | | | | | অংকে | | |
| | | | | | | কথায় | | |

| | |
|---|---|
| প্রেরণের ঠিকানা | কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিল্লা। |
| মোট মূল্য টাকায় (কথায়) | [উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য ---------------------------------------- |
| প্রস্তাবিত সরবরাহ | ০৭(সাত) দিনের মধ্যে ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | প্রয়োজ্য নয় । |

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: -------------------- |
| কোটেশনদাতার নাম | |

টীকা:

১। কলাম ১,২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

## আবশ্যিক বীমা সার্টিফিকেট এবং সংশ্লিষ্ট সেবা গ্রুপ সাময়িক জীবন বীমা কাজের কারিগরী বিনির্দেশ

| ক্রমিক নম্বর | বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | সংখ্যা | বীমার মেয়াদ | উদ্ধৃত মোট প্রিমিয়াম (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | ১) গ্রুপ সাময়িক জীবন বীমা<br>২) সহযোগী বীমাঃ<br>(ক) দূর্ঘটনার কারণে মৃত্যুতে দ্বিগুণ ক্ষতিপূণ বীমা।<br>(খ) দূর্ঘটনা জনিত কারণে অঙ্গহানি বীমা।<br>(গ) দূর্ঘটনার কারণে আংশিক অক্ষমতা বীমা। | ১) গ্রুপ সাময়িক জীবন বীমা<br>২) সহযোগী বীমাঃ<br>(ক) দূর্ঘটনার কারণে মৃত্যুতে দ্বিগুণ ক্ষতিপূণ বীমা।<br>(খ) দূর্ঘটনা জনিত কারণে অঙ্গহানি বীমা।<br>(গ) দূর্ঘটনার কারণে আংশিক অক্ষমতা বীমা। | ৩৭৯ জন (কম/বেশী হতে পারে) | ০৩ বছর | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: ------------------ |
| কোটেশনদাতার নাম | |

টীকা:

১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম , দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবেশিত হবে।

৩. বীমা সার্টিফিকেট ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জসপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র (br ochur es) সংযুক্ত করবে।

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
চান্দিনা, কুমিল্লা।

বিষয়ঃ কর্মকর্তা/কর্মচারীদের গ্রুপ সাময়িক জীবন বীমা কাজ সম্পাদনের কার্যাদেশ ।

ক্রয় আদেশ নম্বর_২৭.১২.১৯২৭.৫০৩.০২.১৯.২৩. তারিখ- ------/০১/২০২৩ খ্রিঃ

| | |
|---|---|
| কোটেশন নম্বর: ২৭/২০২২-২০২৩ | তারিখ : ০৯/০১/২০২৩ খ্রিঃ |
| প্রতি:<br>--------------------------- | |
| বীমা সম্পাদনের তারিখ: ---------------------- | **ক্রয়াদেশকৃত** মূল্য: টাকা ---------------------- |
| **সরবরাহ :** শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ বীমা সার্টিফিকেট এবং সংশ্লিষ্ট সেবা ফাইডিলিটি বীমা কাজ সম্পাদনের জন্য ক্রয়কারী আপনার ------------ তারিখের দাখিলকৃত কোটেশনের দর ১ম সর্বনিম্ন হওয়ায়, দরপত্র মূল্যায়ন কমিটির নিকট বিবেচিত হওয়ায় নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে কর্মকর্তা/কর্মচারীদের গ্রুপ সাময়িক জীবন বীমা কাজ সম্পাদনের নিমিত্তে ---------------------টাকার কথায়------------------ ---------- কার্যাদেশ প্রদান করা হলো । উল্লিখিত বীমা কাজ সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সম্পাদন করার জন্য আপনাকে অনুরোধ করা হলো ।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| বীমা সার্টিফিকেট ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| মোঃ মকবুল হোসেন<br>সিনিয়র জেনারেল ম্যানেজার<br>কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি—১<br>চান্দিনা, কুমিল্লা। |
| তারিখ-------------------------খ্রিঃ। |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক।

# বীমা সার্টিফিকেট সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান-কে কার্যাদেশ প্রাপ্তির পর অনধিক ০৭(সাত) দিনের মধ্যে ০৩(তিন) বছরের জন্য একটি গ্রুপ সাময়িক জীবন বীমা চুক্তি সম্পাদন করতে হবে। বীমার মেয়াদ হবে তিন বছরের এবং প্রতি বছরের প্রিমিয়াম বিল দাখিল সাপেক্ষে পরিশোধ করা হবে।

৪. যদি ক্রয়কারী সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক বীমা সার্টিফিকেট ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি বীমা সার্টিফিকেট কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১০. মোট চুক্তি মূল্য টাকা অংকে- ------------- (কথায়------------------------ টাকা মাত্র)।

১১. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ [নেই] ।

১২. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৩. সরবরাহকারী কর্তৃক বীমা সার্টিফিকেট এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৪. বীমা সার্টিফিকেট এবং সংশ্লিস্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোন দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিষ্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত বীমা সার্টিফিকেটের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন: যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

২২. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান-কে বীমা সার্টিফিকেট এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল এ বর্ণিত বীমা কাজ সম্পাদনের পূর্বে অবশ্যই অত্র পবিসের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতঃ বীমা কাজ নিশ্চিত করতে হবে।

২৩. নির্ধারিত তারিখের মধ্যে যথাযথভাবে বীমা কাজ সম্পাদন করতঃ বীমা সার্টিফিকেট সরবরাহ করতে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিলসহ প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৪. বীমা চুক্তি মেয়াদে নতুন কর্মকর্তা/কর্মচারীকে বীমাভুক্ত করার সুযোগ থাকতে হবে। বীমাকৃত কর্মকর্তা/কর্মচারী সার্বক্ষনিক বীমা নিরাপত্তা প্রদান করতে হবে। বীমাকৃত যে কোন বর্মকর্তা/কর্মচারীর মৃত্যুতে দ্রুততার সাথে পরিশোধ করতে হবে।

২৫. যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতি দিন বিলম্বের জন্য বিলম্বে সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে সরবরাহকৃত মালামালের মূল্য হইতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

| | |
|---|---|
| (মোঃ মকবুল হোসেন)<br>সিনিয়র জেনারেল ম্যানেজার<br>কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ | সরবরাহকারীর জন্য<br><br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখঃ ---------------------খ্রিঃ | তারিখ |